

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৩১

আগরতলা, ১০ মার্চ, ২০১৯

ত্রিপুরার ২টি লোকসভা আসনের ভোট ১১ এবং ১৮ এপ্রিল

ত্রিপুরার ২টি লোকসভা আসনের ভোট দুই পর্যায়ে অনুষ্ঠিত হবে। রাজ্যে ভোট হবে ১১ এবং ১৮ এপ্রিল। ভোট গণনা হবে ২৩ মে। আজ সন্ধ্যায় মুখ্য নির্বাচন আধিকারিকের অফিস কক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরুণীকান্তি এই সংবাদ জানিয়েছেন। তিনি জানান, প্রথম পর্যায়ে নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি হবে ১৮ মার্চ। মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিন হচ্ছে ২৫ মার্চ। ২৬ মার্চ মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে ২৮ মার্চ। ভোটগ্রহণ করা হবে ১১ এপ্রিল। দ্বিতীয় পর্যায়ের ভোটের জন্য বিজ্ঞপ্তি জারি হবে ১৯ মার্চ। মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিন ২৬ মার্চ। মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে ২৭ মার্চ। মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে ২৯ মার্চ। ভোটগ্রহণ করা হবে ১৮ এপ্রিল।

রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক(সি ই ও) জানান, আজ সন্ধ্যায় নির্বাচন ঘোষণা হবার সঙ্গে সঙ্গেই নির্বাচন আচরণবিধি লাগু হয়ে গেছে। তিনি বলেন, নির্বাচনী আচরণ বিধি কঠোরভাবে মেনে চলার জন্য সংশ্লিষ্ট সবাইকে বলা হয়েছে। নির্বাচনী আচরণবিধি ভঙ্গের কোন অভিযোগ যে কোন ব্যক্তি 'সি ভিজিল এ্যাপ'র মাধ্যমে নির্বাচন কমিশনের নজরেও আনতে পারেন। রাজনৈতিক দলগুলির সুবিধার জন্য ও নিউ-সুবিধা এ্যাপ নামে একটি এ্যাপ চালু করা হচ্ছে। সাংবাদিক সম্মেলনে বিশেষ নির্বাচনী আধিকারিক প্রমথ রঞ্জন ভট্টাচার্য, মুখ্য নির্বাচনী আধিকারিক উষাজেন মগও উপস্থিত ছিলেন।
